বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭।

১.	**বিভাগের নাম**	:	প্রজনন বিভাগ।
২.	**উদ্দেশ্য সমূহ**	:	**১)** দ্রুত বর্ধনশীল, আগাম পরিপক্ক, প্রতিকূল পরিবেশ সহনশীল এবং উচ্চ ফলনশীল পাট, কেনাফ ও মেস্তার জাত উদ্ভাবন। **২)** পাট, কেনাফ ও মেস্তার কাঙ্খিত মাতৃসারি (Parental line) উদ্ভাবন। **৩)** উদ্ভাবিত পাট, কেনাফ ও মেস্তার জাতের কৌলিতাত্ত্বিক বিশুদ্ধতা রক্ষণাবেক্ষণ।
৩.	**প্রযুক্তি/অর্জন (ছবিসহ)**	:	সংযুক্ত।
৪.	**লিফলেট/বুকলেট (যদি থাকে)**	:	সংযুক্ত।

প্রজনন বিভাগের কার্যাবলী:

১. দেশী পাট, তোষা পাট, কেনাফ এবং মেস্তার জাত উদ্ভাবনে প্রয়োজনীয় গবেষণা কার্যক্রম পরিচালনা করা।

২. প্রতিকূল পরিবেশ সহনশীল (যেমন: খরা, বন্যা, লবণাক্ততা, শৈত্যপ্রবাহ, তাপদাহ, জলাবদ্ধতা, অগভীর বন্যা ইত্যাদি) উচ্চ ফলনশীল দেশী পাট, তোষা পাট, কেনাফ এবং মেস্তার জাত উদ্ভাবন করা।

৩. ঘাত সহনশীল যেমন: রোগ-বালাই, পোকা-মাকড় প্রতিরোধী আধুনিক দেশী পাট, তোষা পাট, কেনাফ এবং মেস্তার জাত উদ্ভাবন করা ।

৪. স্বল্প জীবনকাল এবং উচ্চ ফলনশীল দেশী পাট, তোষা পাট, কেনাফ এবং মেস্তার জাত উদ্ভাবন করা।

৫. দ্রুত বর্ধনশীল ও আগাম পরিপক্ক দেশী পাট, তোষা পাট, কেনাফ এবং মেস্তার জাত উদ্ভাবন করা।

৬. উন্নতমানের আঁশ সমৃদ্ধ ও উচ্চ ফলনশীল দেশী পাট, তোষা পাট, কেনাফ এবং মেস্তার জাত উদ্ভাবন করা।

৭. দক্ষ মানব সম্পদ তৈরির অংশ হিসেবে স্নাতকোত্তর এবং পিএইচডি-তে অধ্যয়নরত শিক্ষার্থীদেরকে গবেষণার ক্ষেত্রে তত্বাবধান করা ও কারিগরী সহায়তা প্রদান করা।

৮. কৃষক, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা ও কর্মচারী, এনজিও কর্মীদের উচ্চ ফলনশীল দেশী পাট, তোষা পাট, কেনাফ এবং মেস্তার গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য সমূহের উপর প্রশিক্ষণ প্রদান করা এবং নতুন অবমুক্ত জাতের প্রদর্শনী ট্রায়াল স্থাপন করে সম্প্রসারণ প্রক্রিয়া তরান্বিত করা।

প্রজনন বিভাগের অর্জনসমূহ:

১. পাটের লাভজনক চাষাবাদ এবং পরিবেশ বান্ধব এ আঁশ ফসলের উৎপাদন অব্যাহত রাখার লক্ষ্যে এ পর্যন্ত পাট ও পাট জাতীয় ফসলের ৫৩ টি উন্নত জাত উদ্ভাবন করা হয়েছে যার মধ্যে দেশী পাট ২৮ টি, তোষা পাট ১৮ টি, কেনাফ ৪ টি ও মেস্তা ৩ টি। উক্ত ৫৩ টি জাতের মধ্যে বর্তমানে দেশী পাটের ১১ টি, তোষা পাটের ৮ টি, কেনাফের ৪ টি এবং মেস্তার ৩ টি জাত সহ সর্বমোট ২৬ টি উন্নত জাত কৃষক পর্যায়ে প্রচলিত আছে।

২. উচ্চ ফলনশীল, পাট চাষীদের নিকট অধিক পছন্দনীয় এবং সারা দেশব্যাপী জনপ্রিয় জাত হিসেবে ও-৯৮৯৭ এর উদ্ভাবন করা হয়েছে।

৩. প্রতি হেক্টর জমিতে নির্ধারিত সময়ে অধিক ও উন্নত মানের পাট এবং পাট জাতীয় ফসলের আঁশ উৎপাদন, প্রান্তিক ও অপ্রচলিত (লবণাক্ত, পাহাড়ি, চরাঞ্চল) জমিতে আবাদ উপযোগী উন্নত দেশী পাট, কেনাফ ও মেস্তার জাত উদ্ভাবন করা হয়েছে।

৪. খরা পীড়িত, পতিত বেলে জমিতে চাষযোগ্য খরা সহিষ্ণু এবং নেমাটোড এর কারণে পাট গাছের শিকড়ে গিট রোগের আক্রমন প্রতিরোধী জাত হিসেবে ১৯৭৭ সালে মেস্তা এইচএস ২৪ উদ্ভাবন করা হয়েছে।

৫. প্রচলিত জাতসমূহের চেয়ে অধিক বাজার মূল্যের উজ্জ্বল সোনালী বর্ণের আঁশ উৎপাদনকারী জাত হিসেবে ২০০৮ সালে বিজেআরআই দেশী পাট ৭ উদ্ভাবন করা হয়েছে।

৬. দক্ষিণাঞ্চলে পাট চাষ সম্প্রসারণের লক্ষ্যে মধ্যম মাত্রার লবণাক্ততা সহিষ্ণু জাত হিসেবে ২০১৩ সালে বিজেআরআই দেশী পাট ৮ এর উদ্ভাবন করা হয়েছে যা বর্তমানে সফলভাবে চাষাবাদ হচ্ছে।

৭. আগাম বপনোপযোগী জাত হিসেবে বিজেআরআই তোষা পাট ৫, বিজেআরআই তোষা পাট ৭, দেশী পাট সিসি ৪৫ এবং আগাম কর্তনোপযোগী জাত হিসেবে বিজেআরআই তোষা পাট ৬, তোষা পাট ৮, বিজেআরআই দেশী পাট ৭ উদ্ভাবন করা হয়েছে।

৮. বিজেআরআই পরিচালিত পাটের মৌলিক ও ফলিত গবেষণা (বিএআরজে) প্রকল্প থেকে ২০১৯ সালে বিজেআরআই তোষা পাট ৮ (রবি-১) নামে একটি উচ্চ ফলনশীল ও আগাম কর্তনোপযোগী জাত অবমুক্ত করা হয়।

৯. দেশের উচুঁ-নিচু, মাঝারী উচুঁ-নিচু, চরাঞ্চল ও পাহাড়ী এলাকার জমিতে চাষাবাদ যোগ্য এবং জলাবদ্ধতা সহিষ্ণু জাত হিসেবে বিজেআরআই কেনাফসমূহ উদ্ভাবন করা হয়েছে।

১০. শাক হিসেবে পাতা মিষ্টি, সুস্বাদু এবং সকলের নিকট অধিক পছন্দনীয় জাত হিসেবে ২০১৪ সালে বিজেআরআই দেশী পাট শাক ১ এর উদ্ভাবন করা হয়েছে। তাছাড়াও আরো দুটি উচ্চ খাদ্যমান সম্পন্ন দেশী পাট শাকের জাত ২ ও ৩ উদ্ভাবন করা হয়েছে।

১১. শাক হিসেবে পাতার ব্যবহার, ফলের বৃতি থেকে তরকারী, জ্যাম, জেলী, জুস এবং বীজ থেকে ২০% খাবার তেল উৎপাদনকারী মেস্তার জাত হিসেবে ২০১০ সালে বিজেআরআই মেস্তা ২ উদ্ভাবন করা হয়েছে ।

১২. টেবিল ১: প্রজনন বিভাগ কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তিসমূহ (ছবি সহ)

ক্র. নং	জাতের নাম	অবমুক্ত সন	উদ্ভাবন পদ্ধতি (Pedigree)	চারিত্রিক বৈশিষ্ট্য	ছবি
সাদা/ দেশী পাট(*Corchorus capsularis* L.)					
১.	ওকারপাস (Oocarpus)	১৯১০	বিশুদ্ধ সারি নিবার্চন		
২.	কাকিয়া বোম্বাই (Kakya Bombai)	১৯১০	বিশুদ্ধ সারি নিবার্চন		
৩.	আর-৮৫	১৯১৬	বিশুদ্ধ সারি নিবার্চন		
৪.	ডি-১৪৫	১৯১৯	বিশুদ্ধ সারি নিবার্চন		
৫.	ডি-৩৮৬	১৯৩১	বিশুদ্ধ সারি নিবার্চন		
৬.	ফান্দুক (Funduk)	১৯৩৯	বিশুদ্ধ সারি নিবার্চন		
৭.	সি-২১২	১৯৩৯	বিশুদ্ধ সারি নিবার্চন		
৮.	সি-১৩	১৯৪১	বিশুদ্ধ সারি নিবার্চন		
৯.	সি-৪১২	১৯৪২	বিশুদ্ধ সারি নিবার্চন		
১০.	সি-১	১৯৫২	বিশুদ্ধ সারি নিবার্চন		
১১.	সি-২	১৯৫২	বিশুদ্ধ সারি নিবার্চন		
১২.	সি-৩	১৯৫২	বিশুদ্ধ সারি নিবার্চন		
১৩.	সি-৪	১৯৫৫	বিশুদ্ধ সারি নিবার্চন		
১৪.	সি-৫	১৯৫৫	বিশুদ্ধ সারি নিবার্চন		
১৫.	ডি-১৫৪-২	১৯৬১	বিশুদ্ধ সারি (পুনঃ নিবার্চন)	গাছের কান্ড ও পাতা ঘন সবুজ, পাতা ডিম্বাকৃতির এবং দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত ২:১। বোঁটার উপরিভাগ হাল্কা তামাটে। অন্যান্য জাতের চেয়ে কান্ডের গোড়া অপেক্ষাকৃত মোটা। পরিণত বয়সে কান্ডের আগায় ও ডালে তামাটে রঙ দেখা দেয়। অধিকতর অভিযোজন ক্ষমতা সম্পন্ন।	
১৬.	সি-৬	১৯৬৭	বিশুদ্ধ সারি নিবার্চন		
১৭.	সিভিএল-১	১৯৭৭	বিশুদ্ধ সারি নিবার্চন	গাছ সম্পূর্ণ সবুজ এবং পাতা বর্শাফলাকৃতির হয়। জাতটি উচ্চ ফলনশীল, সর্বাধিক জনপ্রিয় জাত। ক্লোরোসিস রোগ তুলনামূলকভাবে কম হয়।	

১৮.	**সিভিই-৩**	১৯৭৭	বিশুদ্ধ সারি নিবার্চন	এ জাতের কান্ড সম্পূর্ণ সবুজ কিন্তু পাতার বোটার উপরি ভাগ উজ্জ্বল তামাটে রঙ দেখা যায়। পরিণত বয়সে গাছের ডালে তামাটে রঙ দেখা যায়। পাতা হাল্কা সবুজ, সিভিএল-১ এর চেয়ে চিকন, ছোট ও বর্শাফলাকৃতি। অপরিপক্ক ফল লিচু বর্ণের।	
১৯.	**সিসি-৪৫**	১৯৭৯	বিশুদ্ধ সারি নিবার্চন	আগাম বপনোপযোগী, মধ্য ফেব্রুয়ারিতে বপন করলেও ফুল আসে না। কান্ড সবুজ, পাতা চওড়া উজ্জ্বল সবুজ ও ডিম্বাকৃতির লম্বাটে, বোঁটার উপরিভাগে হাল্কা তামাটে রঙ থাকে। এ গাছে ফুল আসতে ১৫০ দিনের অধিক সময় লাগে।	
২০.	**বিজেআরআই দেশী পাট ৫**	১৯৯৫	ডি-১৫৪ এবং সিসি-৪৫ এর সংকরায়ন	আগাম বপনোপযোগী এবং দ্রুত বর্ধনশীল। গাছ সবুজ পাতার বোঁটার উপরিভাগ অনুজ্জ্বল তামাটে লাল, পাতা ডিম্বাকৃতির লম্বাটে।	
২১.	**বিজেআরআই দেশী পাট ৬**	১৯৯৫	সিভিএল-১ এবং রেস-ফুলেশ্বরি এর সংকরায়ন	গাছ সম্পূর্ণ সবুজ। আগাম পরিপক্ক, পাতা সিভিএল-১ জাতের চেয়ে চিকন ও পাতার ফলকের কিনারা ঢেউ খোলানো। বপনের ৯০-৯৫ দিনে ফুল আসে। তে-ফসলি শস্যক্রমের জন্য খুবই উপযোগী।	

২২.	**বিজেআরআই দেশী পাট ৭**	২০০৭	সিসি-৪৫ এবং বিজেসি-৭১৮ এর সংকরায়ন	গাছ সম্পূর্ণ সবুজ। পাতার আকৃতি বল্লম আকৃতি, বীজের রঙ নীল, অন্যান্য দেশী জাতের চেয়ে ভিন্ন। আঁশ উজ্জ্বল সাদা বর্ণের, ফলে ব্লিচিং খরচ কম। আলু চাষের জমিতে এ জাত বপন না করাই ভাল।	
২৩.	**বিজেআরআই দেশী পাট ৮**	২০১৩	সিসি-৪৫ এবং এফডিআর (ফরমোজা ডিপরেড) এর সংকরায়ন	এ জাতটি দ্রুত বর্ধনশীল, মধ্যম মাত্রা লবণাক্ততা সহিষ্ণু (৮ ডি এস/মি) ও মোজাইক রোগ প্রতিরোধী। কান্ড হাল্কা লাল, পাতা লম্বা ও বল্লম আকৃতি, পাতার বোঁটার উপরিভাগ উজ্জ্বল তামাটে লাল এবং নিম্নভাগে বোঁটা ও ফলকের সংযোগ স্থলে আংটির মত গাঢ় লাল রংয়ের গোল দাগ আছে।	
২৪.	**বিজেআরআই দেশী পাট শাক ১**	২০১৪	Cap. dwarf red এবং বিনা পাট শাক-১ এর সংকরায়ন	গাছ সম্পূর্ণ সবুজ, ঝোপালো ও খর্বাকৃতির, কান্ড হালকা সবুজ ও শাখা-প্রশাখা বিশিষ্ট। পাতা বর্শা ফলাকৃতির ও গাঢ় সবুজ রঙের। পাতা সুস্বাদু। দেশী পাটের জাত হওয়া সত্ত্বেও পাতা তিতা নয়।	
২৫.	**বিজেআরআই দেশী পাট ৯**	২০১৭	সিভিএল-১ এবং এক্সসেশন ১৮৩১ এর সংকরায়ন	গাছ সবুজ । স্বল্প মেয়াদী জাত, পাতার বোর্টার উপরিভাগ হালকা লাল রঙ, পাতা বল্লমাকৃতির, জাতটির আঁশ তুলতামুলকভাবে সাদা ও কম কাটিংস যুক্ত।	

২৬.	**বিজেআরআই দেশী পাট শাক ২**	২০২০	বিশুদ্ধ সারি নিবার্চন	স্বল্প মেয়াদী জাত, গাছ সম্পূর্ণ লাল, পাতা গাঢ় সবুজ রং-এর। এ জাতের 'ক্যানোপি' কম হওয়ায় একক জায়গায় অধিক সংখ্যক গাছ থাকতে পারে। খর্বাকৃতির হওয়ায় জাতটি থেকে কোন আঁশ পাওয়া যাবে না। দেশি পাট জাত হওয়া স্বত্ত্বেও এ জাতের পাতা তিতা নয়। গাছেরে বয়স ৩০-৩৫ দিনের মধ্যে হলে তখন থেকেই শাক সংগ্রহ করা যায়। বপনের সময় ভেদে এ জাতে ৪০-৫০ দিনের মধ্যে ফুল আসে এবং ৭০-৯০ দিনের মধ্যে বীজ পাওয়া যায়।	
২৭.	**বিজেআরআই দেশী পাট শাক ৩**	২০২০	বিশুদ্ধ সারি নিবার্চন	স্বল্প মেয়াদী জাত, গাছ সম্পূর্ণ সবুজ, পাতা গাঢ় সবুজ রং-এর। এ জাতের 'ক্যানোপি' কম হওয়ায় একক জায়গায় অধিক সংখ্যক গাছ থাকতে পারে। খর্বাকৃতির হওয়ায় জাতটি থেকে কোন আঁশ পাওয়া যাবে না। দেশি পাট জাত হওয়া স্বত্ত্বেও এ জাতের পাতা তিনা নয়। গাছরে বয়স ৩০-৩৫ দিনের মধ্যে হলে তখন থেকেই শাক সংগ্রহ করা যায়। বপনের সময় ভেদে এজাতে ৪৫-৫০ দিনের মধ্যে ফুল আসে এবং ৭৫-৯০ দিনের মধ্যে বীজ পাওয়া যায়।	
২৮.	**বিজেআরআই দেশী পাট ১০**	২০২১	জার্মপ্লাজম 160B এর সাথে জার্মপ্লাজম C-164 এর সংকরায়ন	কান্ড সবুজ, পাতা ডিম্বাকৃতির লম্বাটে এবং পাতার বোঁটা সবুজ রংয়ের। স্বল্প মেয়াদী এবং মধ্যম মাত্রার লবনাক্ত (১২ ডিএস/মি.) সহিষ্ণু জাত। এ জাতটি হলুদ মাকড়ের আক্রমন সহিষ্ণু এবং তিন-ফসলা শস্যক্রমে ব্যবহার উপযোগী।	
তোষা পাট (*Corchorus olitorius* L.)					
২৯.	**চিনসুরা গ্রীন**	১৯১৫	বিশুদ্ধ সারি নিবার্চন		
৩০.	**আর-২৬**	১৯২৯	বিশুদ্ধ সারি নিবার্চন		
৩১.	**আর-২২**	১৯২৯	বিশুদ্ধ সারি নিবার্চন		
৩২.	**ও-৬২০**	১৯৩৯	বিশুদ্ধ সারি নিবার্চন		
৩৩.	**ও-৬৩২**	১৯৩৯	বিশুদ্ধ সারি নিবার্চন		
৩৪.	**ও-৭৫৩**	১৯৩৯	বিশুদ্ধ সারি নিবার্চন		
৩৫.	**ও-১**	১৯৫৫	বিশুদ্ধ সারি		

			নিবার্চন		
৩৬.	**ও-২**	১৯৫৫	বিশুদ্ধ সারি নিবার্চন		
৩৭.	**ও-৩**	১৯৫৫	বিশুদ্ধ সারি নিবার্চন		
৩৮.	**ও-৪**	১৯৬৭	বিশুদ্ধ সারি নিবার্চন	গাছ সম্পূর্ণ সবুজ, পাতা চিকন, উপরিভাগ মসৃন, হাল্কা সবুজ। উঁচু জমিতে বপনযোগ্য, বীজের রঙ নীলাভ সবুজ, উচ্চ ফলনশীল জাত।	
৩৯.	**ও-৫**	১৯৬৪	বিশুদ্ধ সারি নিবার্চন		
৪০.	**ও-৯৮৯৭**	১৯৮৭	ও-৫ এবং বি.জেড-৫ এর সংকরায়ন	গাছ সম্পূর্ণ সবুজ, আগাম বপনযোগ্য, পাতা লম্বা, চওড়া বর্শাফলাকৃতির, গোড়ার দিক থেকে আগার দিকে ক্রমান্বয়ে সরু হয়ে থাকে। কান্ড অপেক্ষাকৃত সিলিন্ড্রিক্যাল, বীজের রঙ সবুজ নীলাভ। উচ্চ ফলনশীল জাত। বীজের আকার ও-৪ জাতের চেয়ে ছোট।	
৪১.	**বিজেআরআই তোষা পাট ৩**	১৯৯৫	বিশুদ্ধ সারি নিবার্চন	গাছ সম্পূর্ণ সবুজ, আলোক সংবেদনশীলতা কম, আগাম বপনযোগ্য, আঁশ উন্নতমানের, পাতার আকার তুলনামুলকভাবে বেশ বড় এবং ডিম্বাকৃতির, পাতার উপরিপৃষ্ঠ উজ্জ্বল চকচকে। বীজের রঙ গাঢ় খয়েরি, উচ্চ ফলনশীল জাত।	
৪২.	**বিজেআরআই তোষা পাট ৪**	২০০২	ও-৯৮৯৭, ও-২০১২ এবং ও-৯৮৯৭ এর পশ্চাৎ সংকরায়ন	গাছ সম্পূর্ণ সবুজ, দ্রুত বর্ধনশীল, পাতা ডিম্বাকৃতি ও হাল্কা সবুজ, বীজের রঙ নীলাভ সবুজ, আগাম বপনযোগ্য। এ জাতটি ও -৯৮৯৭ জাতের চেয়ে এক সপ্তাহ আগে বপন করা যায়।	

৪৩.	**বিজেআরআই তোষা পাট ৫**	২০০৮	উগান্ডা রেড এবং ও-৪ এর সংকরায়ন	গাছ লম্বা, মসৃণ, দ্রুত বর্ধনশীল, কান্ড লাল বা লালচে, লালের পরিমাণ সূর্যালোকের তীব্যতার উপর নির্ভরশীল। পাতার বোঁটার উপর অংশ তামাটে লাল, উপপত্র স্পষ্ট লাল, পাতা লম্বা ও চওড়া, বীজের রঙ নীল, আঁশের রঙ উজ্জ্বল সোনালী।	
৪৪.	**বিজেআরআই তোষা পাট ৬**	২০১৩	বিশুদ্ধ সারি নিবার্চন	এ জাতটি আলোক সংবেদনশীল, গাছ সম্পূর্ণ সবুজ, পাতা লম্বা ও বল্লমাকৃতি। বীজের রং নীলাভ সবুজ, নাবীতে বপনোপযোগী, দ্রুত বর্ধনশীল, আগাম পরিপক্ক উচ্চ ফলনশীল। আঁশের মান ভাল এবং রং উজ্জ্বল সোনালী।	
৪৫.	**বিজেআরআই তোষা পাট ৭**	২০১৭	বিশুদ্ধ সারি নিবার্চন	পাতা সবুজ ডিম্বাকৃতির লম্বাটে ও উপরিভাগ চকচকে। বীজের রং নীলাভ সমুজ যা ওএম-১ জাত থেকে ভিন্ন রঙের। দ্রুত বর্ধনশীল ও আগাম কর্তনযোগ্য।	
৪৬.	**বিজেআরআই তোষা পাট ৮**	২০১৯	মিউটেশন ব্রিডিং এবং সিলেকশন	গাছ লম্বা (প্রচলিত জাত অপেক্ষা গড় উচ্চতা ৩০-৩৫ সেমি বেশী), দ্রুত বর্ধনশীল, আলোক প্রাপ্তি সাপেক্ষে কান্ড তামাটে থেকে গাঢ় লাল বর্ণের হয়, কান্ড অপেক্ষাকৃত সিলিন্ড্রিক্যাল, উপপত্র স্পষ্ট লাল, পাতা চকচকে, বীজের রঙ গাঢ় নীলাভ সবুজ, আগাম কর্তনযোগ্য, ছালে ফাইবার বান্ডেলের ঘনত্ব বেশী, উচ্চ ফলনশীল, আঁশ অধিকতর উজ্জ্বল ও শক্ত।	
কেনাফ (*Hibiscus cannabinus* L.)					
৪৭.	**এইচসি-২**	১৯৭৭	বিশুদ্ধ সারি নিবার্চন	কান্ড সবুজ আগার দিকে তামাটে লাল, কান্ড ও পাতায় রোম আছে, ফল ডিম্বাকৃতি, বীজ তিন কোণাকৃতি ধুসর বর্ণের। পাতা সবুজ এবং অখন্ড, পরিণত পাতার কিনারায় তামাটে লাল ছোপ থাকে। উঁচু নিচু সব জমিতেই বপন উপযোগী, দ্রুত বর্ধনশীল ও জলাবদ্ধতা সহিষ্ণু। আঁশ উজ্জল। অধিক বায়োমাস সম্পন্ন এবং কাগজের মন্ড তৈরীর উপযোগী। ফুলের রঙ ক্রীম রঙ এর ভেতরে গাঢ় খয়েরী রঙ, উচ্চ ফলনশীল।	

৪৮.	**এইচসি-৯৫**	১৯৯৫	বিশুদ্ধ সারি নিবার্চন	কেনাফ-এইচসি-২ এর চেয়ে অধিক বায়োমাস সম্পন্ন। আঁশ উজ্জ্বল। উঁচু, নিচু ও মাঝারি সব জমিতেই বপনোপযোগী। জলাবদ্ধতা সহনশীল। ফুলের রঙ ক্রীম রঙ এর ভিতরে হাল্কা হলুদ। পাতা ও কান্ড সম্পূর্ণ সবুজ। পাতা খন্ডিত ও করতলাকৃতি।	
৪৯.	**বিজেআরআই কেনাফ ৩**	২০১০	বিশুদ্ধ সারি নিবার্চন	কান্ড সবুজ গাছের আগার দিকে অপেক্ষাকৃত মোটা ও অনেক পত্র উপপত্র থাকে। পরিণত বয়সে সূর্য্যের আলোতে কান্ড হাল্কা তামাটে রঙ ধারন করতে পারে। দ্রুত বর্ধনশীল, দীর্ঘ বপনকাল, জলাবদ্ধতা সহিষ্ণু, অধিক ফলনশীল ও বায়োমাস সম্পন্ন। উঁচু, নীচু, পাহাড়ী, চরাঞ্চল ও উপকুলীয় অঞ্চলে বপনোপযোগী। ফুলের রঙ হাল্কা ক্রীম রঙের মাঝখানে গাঢ় খায়েরী রঙ। ফল ডিম্বাকৃতি, বীজ তিন কোনাকৃতি ধুসর বর্ণের। পাতা সবুজ, অখন্ড ও বট পাতার ন্যায়।	
৫০.	**বিজেআরআই কেনাফ ৪**	২০১৭	বিশুদ্ধ সারি নিবার্চন	কান্ড লাল, পাতার রঙ খয়েরি সবুজ ও করতলাকৃতি এবং পাতার বোঁটার উপরিভাগ লাল রঙ। দ্রুত বর্ধনশীল, দীর্ঘ বপনকাল, জলাবদ্ধতা সহিষ্ণু, অধিক ফলনশীল ও রোগ প্রতিরোধী ক্ষমতা কেনাফের অন্যান্য জাতের তুলনায় বেশী। আঁশের মান ভাল এবং রং মাখন সাদা। চরাঞ্চল ও উপকূলীয় অঞ্চলে বপন উপযোগী। ফুলের রঙ হাল্কা ক্রীম রঙের মাঝখানে গাঢ় খায়েরী রঙ। ফল ডিম্বাকৃতি, বীজ তিন কোনাকৃতি ধূসর বর্ণের।	
মেস্তা (*Hibiscus sabdariffa* L.)					
৫১.	**এইচএস-২৪**	১৯৭৭	বিশুদ্ধ সারি নিবার্চন	কান্ড গাঢ় কালচে সবুজ, পর্বে বেগুণী ছোপ, কান্ডের গায়ে ঘন রোম আছে। পাতা করতলাকৃতি গাঢ় সবুজ, ফুল হাল্কা হলদে রঙের ভেতরে মাঝখানে লালচে খয়েরী রঙের কেনাফের চেয়ে ছোট আকারের হয়ে থাকে। মেস্তার ফল ডিম্বাকৃতি ও শীর্ষভাগ সরু। ফলের রঙ লালচে দাগসহ হাল্কা সবুজ। বীজ কিডনি আকারের ও হাল্কা খয়েরি রঙ। এ জাতটি নেমাটোড প্রতিরোধী। উঁচু, মাঝারি-উঁচু, খরা পীড়িত চর এলাকার পতিত বেলে জমিতে বপনযোগ্য।	

৫২.	**বিজেআরআই মেস্তা ২**	২০১০	বিশুদ্ধ সারি নিবার্চন	কান্ড তামাটে রঙের এবং শাখা প্রশাখা বিশিষ্ট। পাতা ও বৃতি টক ও সুস্বাদু। পাতা ও বৃতি তরকারী রান্না করে খাওয়া যায়। বৃতি দিয়ে জেলি, জুস, জ্যাম, আচার ইত্যাদি কনফেকশনারী খাদ্য সামগ্রী তৈরী করা যায় এবং টক রান্না করে খাওয়া যায়। কান্ড, পাতা ও ফলে কাটা ও রোম নাই। উঁচু, মাঝারী-উঁচু জমিতে এবং বাড়ীর আঙ্গিনায় চাষ করা যায়। পাতা খন্ডিত, ফুল ক্রীম রঙ এর ভিতরে গাঢ় খয়েরী রঙের। ফল গাঢ় লাল। ফল থেকে বৃতি সংগ্রহ করে খাওয়া যায়। খরা সহনশীল ও নেমাটোড প্রতিরোধী। জলাবদ্ধতা সহ্য করতে পারে না। বীজ থেকে ২০% খাবার তেল পাওয়া যায়।	
৫৩.	**বিজেআরআই মেস্তা ৩**	২০১৭	বিশুদ্ধ সারি নিবার্চন	গাছ সম্পূর্ণ সবুজ ও মসৃণ। পাতার রং গাঢ় সবুজ ও করতলাকৃতির, ফুল ক্রিম রঙের, ফল ডিম্বাকৃতি ও মসৃণ। এ জাতটি তুলনামূলকভাবে খরা সহিষ্ণু, নেমাটোড প্রতিরোধী, কাঁটাবিহীন ও রোগমুক্ত। তু	